

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৮০৯  
আগরতলা, ৮ ফেব্রুয়ারি, ২০২৪

অগ্নি নিরাপত্তা নিরীক্ষণ  
আগরতলায় প্রশিক্ষণ শিবির

আগরতলা টাউনহলে আজ ‘অগ্নি নিরাপত্তা নিরীক্ষণ এবং অগ্নি প্রতিরোধের যত্নপাতি ব্যবহার’ শীর্ষক এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। অগ্নি নিরীক্ষণ হচ্ছে মূলতঃ একটা তালিকা। যেখানে বিল্ডিং এর নির্মাণ, কার্যকাল, উচ্চতা, খোলা জায়গা, অগ্নি নির্বাপক ব্যবস্থা, বিল্ডিং এর ব্যবহার, বিল্ডিং এর মধ্যে কি কি দাহ্য পদার্থ আছে সেগুলি যাচাই করা হয়। পশ্চিম জেলা প্রাকৃতিক বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে। প্রশিক্ষণ শিবিরে পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, স্টেট প্রজেক্ট অফিসার ড. শরৎ কুমার দাস ছাড়াও অগ্নি নির্বাপন, টি এস আর, আপদা মিত্রা, প্রাকৃতিক ব্যবস্থাপনার নোডাল অফিসারগণ, পুলিশ ও বিট আধিকারিকগণ, তহশীলদারগণ, ইঞ্জিনিয়ারগণ, শিক্ষক শিক্ষিকাগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ অংশ নেন।

প্রশিক্ষণ শিবিরে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার বলেন, অগ্নিকান্ড জীবন ও সম্পত্তির অপূরণীয় ক্ষতিসাধন করে। তাই আগুন লাগার হাত থেকে আমাদের সর্বদা সতর্ক ও সচেতন থাকতে হবে। তিনি বলেন, রাজ্যে ছোট ছোট গলিপথ থাকা সত্ত্বেও খবর পাওয়ামাত্র অগ্নি ও জরুরি পরিষেবা দপ্তরের জওয়ানরা দ্রুত গন্তব্য স্থানে পৌঁছে যান। জনগণকেও তাদের সাথে সহযোগিতা করতে হবে। এ লক্ষ্যেই এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। তিনি বলেন, অগ্নিকান্ড হলে তা তৎক্ষণাৎ প্রতিরোধের জন্য ১৫০০ টাকা থেকে ১৬০০ টাকার মধ্যে আগুন নেভানোর সরঞ্জাম পাওয়া যায়। তা ঘরে মজুত রাখতে হবে। অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা আগুন যাতে না লাগে সে বিষয়ে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান।

প্রশিক্ষণ শিবিরে স্টেট প্রজেক্ট অফিসার ড. শরৎ কুমার দাস বলেন, রাজ্য এক্সিকিউটিভ কমিটির সিদ্ধান্ত অনুসারে এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। শিবিরে অগ্নি নিরীক্ষণ কিভাবে করতে হয় তা বিভিন্নস্তরের আধিকারিক, ইঞ্জিনিয়ার, স্বেচ্ছাসেবক, সিভিল ডিফেন্স কর্মী, অপদামিত্র ও পুলিশ আধিকারিকদের শেখানো হয়। শিবিরে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে অগ্নি প্রতিরোধের বিষয় উপস্থাপন করেন ফায়ার সার্ভিস ট্রেনিং স্কুলের অফিসার ইনচার্জ অসীম বিশ্বাস।

\*\*\*\*\*